

🗏 আল-বালাদ | Al-Balad | ٱلْبَلَد

আয়াতঃ ৯০ : ১৬

💵 আরবি মূল আয়াত:

اَو مِسكِينًا ذَا مَترَبَةٍ ﴿ ١٦٢ ﴾

🗚 অনুবাদসমূহ:

অথবা ধূলি-মলিন মিসকীনকে। — আল-বায়ান
অথবা দারিদ্র-ক্লিষ্ট মিসকীনকে। — তাইসিরুল
অথবা ধূলায় লুষ্ঠিত দরিদ্রকে। — মুজিবুর রহমান

Or a needy person in misery — Sahih International

১৬. অথবা দারিদ্র-নিম্পেষিত নিঃস্বকে,

তাফসীরে জাকারিয়া

১৬। অথবা ধূলায় লুষ্ঠিত দরিদ্রকে। [1]

وم ذي مَسْغَبَة [1] يوم ذي مَسْغَبَة व्यर्गा९ क्षूथात किन। المتربة মাটি-মাখা বা ধূলায় লুষ্ঠিত। অর্থাৎ, যে দারিদ্রের কারণে মাটি বা ধূলার উপর পড়ে থাকে। তার নিজ ঘর-বাড়ি বলেও কিছু থাকে না। মোট কথা হল যে, কোন ক্রীতদাস স্বাধীন করা, কোন ক্ষুধার্ত আত্মীয় অনাথ কিংবা মিসকীনকে খাবার দান করা গিরিপথে চলার মত কঠিন কাজ। যার দ্বারা মানুষ জাহান্নাম থেকে মুক্তি পেয়ে জান্নাত লাভ করতে পারে। অনাথের তত্ত্বাবধান করা এমনিতেই বিরাট পুণ্যের কাজ। কিন্তু যদি সে আত্মীয় হয়, তাহলে তার তত্ত্বাবধান করায় আছে দ্বিগুণ সওয়াব; এক সদকা করার সওয়াব এবং দুই আত্মীয়ের সাথে সম্পর্ক বজায় রাখার ও তার হক আদায় করার সওয়াব। অনুরূপ ক্রীতদাস স্বাধীন করারও বড় ফযীলত হাদীসে বর্ণিত হয়েছে। আজকাল কোন ঋণী ব্যক্তির ঋণ পরিশোধ করে দেওয়াও এক প্রকার ঐ শ্রেণীরই কাজ। অর্থাৎ, সে কাজও এক প্রকার ক্রিট্র

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6039

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন